# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**


বিআরপিডি সার্কুলার নং-০৯

তারিখ: ০৮ এপ্রিল ২০২৪ / ২৫ চৈত্র ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**মেয়াদোত্তীর্ণ ঋণ/বিনিয়োগের সংজ্ঞা প্রসঙ্গে**

ঋণ শ্রেণিকরণ ও প্রভিশনিং বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৩, তারিখঃ ২১ এপ্রিল ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোল্লিখিত সার্কুলারের অনুচ্ছেদ নং-২.১ মোতাবেক, একটি মেয়াদী ঋণের কোনো কিস্তি/কিস্তিসমূহ বা এর অংশবিশেষ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ করা না হলে, উক্ত অপরিশোধিত কিস্তি/কিস্তিসমূহ বা এর অংশবিশেষ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকে সে তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাস পর মেয়াদোত্তীর্ণ (Past due/Overdue) হিসেবে গণ্য করার নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, ঋণ শ্রেণিকরণের আন্তর্জাতিক উত্তম চর্চার সাথে মেয়াদোত্তীর্ণ ঋণ/বিনিয়োগের সংজ্ঞা সামঞ্জস্যপূর্ণ করার নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা যাচ্ছে, যা দু'টি ধাপে বাস্তবায়িত হবে:

ক) একটি মেয়াদী ঋণ/বিনিয়োগের কোনো কিস্তি/কিস্তিসমূহ বা এর অংশবিশেষ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ করা না হলে, উক্ত অপরিশোধিত কিস্তি/কিস্তিসমূহ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) মাস অতিক্রান্ত হওয়ার পর মেয়াদোত্তীর্ণ হিসেবে গণ্য হবে, যা ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে; এবং

খ) দ্বিতীয় ধাপে ৩১ মার্চ ২০২৫ তারিখ ও তৎপরবর্তীতে একটি মেয়াদী ঋণ/বিনিয়োগের কোনো কিস্তি/কিস্তিসমূহ বা এর অংশবিশেষ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ করা না হলে, যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখের অব্যবহিত পরবর্তী দিন হতে তা মেয়াদোত্তীর্ণ ঋণ/বিনিয়োগ হিসেবে গণ্য হবে।

৪। এতদ্ব্যতীত, সূত্রোল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২